

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
ই-মেইল : techedu09@gmail.com

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.০৮.০৭০.১৪(অংশ-১১)/৩০৬

তারিখঃ ২৪/০৫/২০১৯খ্রি.

বিষয়ঃ শ্রান্তি বিনোদন ছুটিসহ ভাতা মঞ্জুর প্রসংগে।

সূত্রঃ টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ এর স্মারক নং টিটিটিসি/১৪৯, তারিখঃ ০৩/০৪/২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে তাঁর প্রতিষ্ঠানে কর্মরত জনাব মোঃ সেলিম মৃধা, সহযোগী অধ্যাপক (টেক) (মূলতঃ অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ) বর্তমানে তিনি বিভাগীয় মামলার আওতায় সাময়িক বরখাস্ত অবস্থায় (Suspension) রয়েছেন।

০২। বি এস আর পাট ১, বিধি ৭৪ অনুযায়ী সাময়িক বরখাস্তকৃত কর্মচারীকে ছুটি প্রদান করা যাইবে না।

০৩। বাংলাদেশ চাকরি বিধিমালা ১৯৭৯ এর বিধান অনুসারে শ্রান্তি ও বিনোদনের উদ্দেশ্যে যে অর্জিত ছুটি দেওয়া হয় উহাই শ্রান্তি ও বিনোদন ছুটি।

০৪। অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং এম এফ (আর-২)এল-১/৭৮(অংশ-২)/৫৯, তারিখঃ ৮ সেপ্টেম্বর, ১৯৭৯ দ্বারা এ বিষয়ে জারিকৃত নির্দেশনার (গ) মতে ছুটি মঞ্জুরী ব্যতিরেকে এই ভাতা দেওয়া যাইবে না মর্মে উল্লেখ রয়েছে।

০৫। যেহেতু শ্রান্তি ও বিনোদন ছুটি এক প্রকার ছুটি এবং ছুটি মঞ্জুরী ব্যতিরেকে এই ভাতা ভাতা প্রদানের সুযোগ নেই সেহেতু জনাব মোঃ সেলিম মৃধা, সহযোগী অধ্যাপক (টেক) এর (মূলতঃ অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ) শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুর করা গেল না

স্বাক্ষরিত/-
(মোঃ আহিদুল ইসলাম)
যুগ্ম সচিব
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক,

অধ্যক্ষ,
টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ
তেজগাঁও, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

- ০১। মোঃ সেলিম মৃধা, সহযোগী অধ্যাপক (টেক), টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা (সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ)।
- ০২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা সংশ্লিষ্ট ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো)।
- ০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। নথি।

(মোহাম্মদ সাজ্জাদ মুফতী)
সহকারী পরিচালক
ফোনঃ ০২-৮১৮১২৩০।

২৪/৫/১৯